



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ ফেব্রুয়ারি ২০১৭

বিবৃতি

সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফ নেতা প্রদীপন খীসার বাড়ি ঘেরাও-তল্লাশির নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিট দপ্তর থেকে দেওয়া এক বিবৃতিতে আজ শুক্রবার ২৪ ফেব্রুয়ারি ২০১৭ বিকালে ইউপিডিএফ'র খাগড়াছড়ি জেলা ইউনিটে ভারপ্রাপ্ত হিসেবে কর্মরত প্রদীপন খীসার জামতলীস্থ বাড়িতে সেনাবাহিনী কর্তৃক ঘেরাও ও ষড়যন্ত্রমূলক তল্লাশির ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়, শুক্রবার বিকাল প্রায় ৩টার দিকে ৩/৪ গাড়ি সেনা সদস্য গিয়ে প্রথমে প্রদীপন খীসার বাড়ি ঘেরাও করে। পরে সেনারা ষড়যন্ত্রমূলকভাবে তার বাড়ির আশে-পাশের এলাকায় মাটি খুঁড়ে তল্লাশি চালাতে শুরু করে। সেনারা এখনো (বিকাল ৫টা পর্যন্ত) সেখানে অবস্থান করছে, স্থানীয় লোকজনকে সেখানে যেতে দিচ্ছে না। এতে নিঃসন্দেহ বলা যায় যে, সেনাবাহিনী কোন একটা মিথ্যা নাটক সাজাতে মরিয়া হয়ে অপচেষ্টা চালাচ্ছে। এ বিষয়ের দিকে খেয়াল রেখে দেশবাসীর সজাগ সচেতন থাকা প্রয়োজন।

বিবৃতিতে বলা হয়, পার্বত্য চট্টগ্রামের নিপীড়িত জনগণের আপোষহীন সংগ্রামী পার্টি ইউপিডিএফকে জড়িয়ে আগেও নানা ধরনের মিথ্যা হয়রানীমূলক ষড়যন্ত্রমূলক কার্যক্রম চালানো হয়েছে এবং ভবিষ্যতেও এ ধরনের ষড়যন্ত্র অব্যাহত থাকবে। কিন্তু তারপরও ইউপিডিএফ পার্বত্য জনগণসহ দেশের সাধারণ জনগণের অধিকার আদায়ের সংগ্রাম থেকে একচুলও সরে আসবে না। বরং নিপীড়ন নির্যাতনের বিরুদ্ধে পার্বত্যবাসীসহ দেশের জনগণের সহানুভূতি ও সক্রিয় সমর্থন নিয়ে ইউপিডিএফ লড়াই সংগ্রামকে বেগবান করবে বলে বিবৃতিতে প্রত্যয় ব্যক্ত করা হয়।

বিবৃতিতে অবিলম্বে সেনাবাহিনী কর্তৃক ষড়যন্ত্রমূলক তল্লাশি-আটক ও অন্যায্য দমন-পীড়ন বন্ধের দাবি জানানো হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।